# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড ,বরিশাল

**www.barisalboard.gov.bd**

## বিজ্ঞপ্তি

স্মারক নং-বশিবো/কলেজ/অনুঃ/২০২৫/৮৫৮৪ তারিখ : ৩০.১২.২০২৫খ্রিঃ

**বিষয়: ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের ট্রান্সফার প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের আলোকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড বরিশাল এর আওতাধীন কলেজ সমূহের অধ্যক্ষ/স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ/প্রধান শিক্ষক ,শিক্ষার্থী, অভিভাবকসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের ট্রান্সফার কার্যক্রম আগামী ০৪.০১.২০২৬ তারিখ হতে ১৫.০১.২০২৬ তারিখ পর্যন্ত চলবে। একাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের কলেজ ট্রান্সফারের জন্য আবেদন পদ্ধতি:

০১. www.barisalboard.gov.bd এড্রেসে গিয়ে download Menu থেকে college form এ গিয়ে TC ফরম ডাউনলোড করতে হবে। এরপর আবেদনকারী যে কলেজের ভর্তিকৃত শিক্ষার্থী এবং যে কলেজে ট্রান্সফার হতে চায় উভয় কলেজের অধ্যক্ষ মহোদয়ের স্বাক্ষর নিবে।

০২. আবেদনকারী যে কলেজের ভর্তিকৃত শিক্ষার্থী সে কলেজের মাধ্যমে বরিশাল শিক্ষা বোর্ডের ওয়েবসাইটের ডানপাশে panel link এ গিয়ে HSC eSIF 2027 এর উপর ক্লিক করে Login এর মাধ্যমে TC মেনুতে ঢুকে স্ব স্ব কলেজ কর্তৃপক্ষকে শিক্ষার্থীর পক্ষে আবেদন করতে হবে।

০৩. আবেদন করার সময়ই শিক্ষার্থীর মোবাইল নম্বর দিতে হবে এবং ঐ মোবাইল নম্বরে কলেজ ট্রান্সফারের ফি সম্পর্কিত Message যাবে। Message এর ভিত্তিতে শিক্ষার্থী সোনালী সেবার মাধ্যমে নির্ধারিত ফি ২০০০/- টাকা জমা দিতে পারবে অথবা কলেজ কর্তৃপক্ষও সোনালী সেবার মাধ্যমে ফি জমা দিতে পারবে।

০৪. শিক্ষার্থীর অবেদন শিক্ষাবোর্ড কর্তৃপক্ষের কাছে যৌক্তিক মনে হলে কেবল তখনই শিক্ষার্থীর মোবাইল নম্বরে একটি OTP (ontime password) যাবে এবং ঐ OTP টি শিক্ষা বোর্ডের নিজস্ব ওয়েবসাইটের www.barisalboard.gov.bd ডানপাশে panel link এ গিয়ে HSC eSIF 2027 TC Letter download option OTP দিলে সংশ্লিস্ট শিক্ষার্থীদের TC বিষয়ক অনুমতি পত্র পাওয়া যাবে। এই অনুমতিপত্রটি একবার ডাউনলোড করলে এটি আর পুনরায় ডাউনলোড করা যাবে না। এ জন্য অনুমতি পত্রটি অত্যন্ত যত্নের সাথে সংরক্ষণ করতে হবে। উল্লেখ্য কোন শিক্ষর্থী যদি TC এর আবেদনের সময় তার বিষয়/বিভাগ পরিবর্তন করে আবেদন করে তাহলে তার আবেদনটি রিজেক্ট হয়ে যাবে।

০৫. ট্রান্সফারের অনুমতিপত্র নিয়ে শিক্ষার্থী তার আবেদনকৃত কলেজে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার পর কলেজ কর্তৃপক্ষ তা শিক্ষা বোর্ডের কলেজ পরিদর্শককে অবহিত করবেন।

০৬. আবেদনকারী যে কলেজের ভর্তিকৃত শিক্ষার্থী এবং যে কলেজে যেতে চায়, উভয় কলেজের অধ্যক্ষ মহোদয়কে ট্রান্সফার আবেদনে স্বাক্ষরের পূর্বে দুই কলেজের বিভাগ এবং বিষয়ে সামঞ্জস্য আছে কিনা তা ভালো করে যাচাই করে নেয়ার জন্য অনুরোধ করা হলো। অনেক সময় দেখা যায় বিষয় সামঞ্জস্য না থাকার পরও অধ্যক্ষ মহোদয়গণ স্বাক্ষর করেন যা পরবর্তীতে শিক্ষার্থীদের ভোগান্তির কারণ হয়

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

30/12/2025

প্রফেসর ড. মোঃ জসিম উদ্দিন
আইডি নং-৯২৮৪
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
বরিশাল
মোবাইল: ০১৭১২-০৮১৬৩৯

অধ্যক্ষ/প্রধান শিক্ষক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড বরিশাল এর আওতাধীন
উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান।